

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়

ঢাকা ডিভিশন-২

১৪/৩৫-এ, শাহজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা।

Web site: www.nha.gov.bd

সূত্র: উপপরিচালক-২ (ভূসব্য) জাগক, এর স্মারক নং- ২৫.৩৮.০০০০.৫০৩.৫৪.০০৩.২০২৩.১৫৯১, তারিখ: ২৯/০৩/২০২৬ খ্রি:।

**কারপার্কিং বরাদ্দের বিজ্ঞপ্তি**

এতদ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন “মোহাম্মদপুর হাউজিং এস্টেটের ‘এফ’ ব্লকে ১০২০ (সংশোধিত ৯০০) টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ” শীর্ষক প্রকল্পের ভবন নং-০১ হতে ১৫ এর ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতাগণ থেকে অবরাদ্দকৃত (খালি) কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট [www.nha.gov.bd](http://www.nha.gov.bd) থেকে আবেদনপত্র ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক প্রযোজ্য সংযুক্তিসহ আগামী ২৮/০৬/২০২৬ খ্রি: হতে ১৯/০৭/২০২৬ খ্রি: পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদনকারীগণ নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা এর দপ্তরে আবেদনপত্র জমা প্রদান করবেন।

**আবেদনের শর্তসমূহ:**

- (১) যেসকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক ইতোপূর্বে সংশ্লিষ্ট প্রকল্পে কারপার্কিং বরাদ্দ পাননি শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- (২) আবেদনকারী যে ভবনে ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন শুধুমাত্র সেই ভবনের কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। প্রাপ্ত আবেদন ভবন ভিত্তিক ফীকা কারপার্কিং এর জন্য বিবেচনা করা হবে।
- (৩) যেসকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক কারপার্কিং বরাদ্দের জন্য ইতোপূর্বে আবেদন করেছেন কিন্তু বরাদ্দ পাননি তাদেরকে এই বিজ্ঞপ্তির আওতায় নির্ধারিত ফরমে পুনরায় আবেদন করতে হবে।
- (৪) ফ্ল্যাট এর সম্পূর্ণ ডাউনপেমেন্ট পরিশোধকারী / ডাউনপেমেন্ট এর হালনাগাদ কিস্তি পরিশোধকারীরাই কেবল আবেদন করতে পারবেন।
- (৫) সম্পূর্ণ ডাউনপেমেন্ট পরিশোধ এবং বাস্তব দখল গ্রহণের পর যেসকল ফ্ল্যাট এর মাসিক / বার্ষিক কিস্তি চলমান, তাদের কিস্তি ৩ মাসের অধিক খেলাপী হলে তারা Defaulter হিসেবে গণ্য হবেন এবং কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন না।
- (৬) ডাউনপেমেন্ট / মাসিক / বার্ষিক কিস্তি এর হালনাগাদ কিস্তি পরিশোধের কপি / বাস্তব দখলের কপি (যারা বাস্তব দখল গ্রহণ করেছেন) আবেদনের সাথে দাখিল করতে হবে।

স্বাক্ষরিত  
নির্বাহী প্রকৌশলী  
ঢাকা ডিভিশন-২  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ